



১২ ডিসেম্বর ২০২৩ তারিখে কলা ও মানবিক অনুষদের এফকিউএসির ১ম সভা অনুষ্ঠিত

১২ ডিসেম্বর ২০২৩ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের এফকিউএসির ১ম সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কলা ও মানবিক অনুষদের সদ্য নিযুক্ত ডিন জনাব মোহাম্মদ তানভীর কায়ছার। সভায় জীববিজ্ঞান অনুষদের ডিন ড. সুব্রত কুমার দাস ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন জনাব দিলআফরোজ খানম সহ অনুষদের সকল বিভাগের চেয়ারম্যানগণ উপস্থিত ছিলেন। এফকিউএসির ১ম সভা বিধায় শুভেচ্ছা ও মতবিনিময়ের জন্য আরো উপস্থিত ছিলেন আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দীন এবং আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. তাজিজুর রহমান। সভায় অ্যাক্রেডিটেশনের স্ট্যান্ডার্ড ও ক্রাইটেরিয়া অর্জনের লক্ষ্যে করণীয় নির্ধারণ বিষয়ে আলোচনা হয়। আলোচনায় অ্যাক্রেডিটেশনের ১নং স্ট্যান্ডার্ডের ক্রাইটেরিয়াসমূহ অর্জনের জন্য করণীয়ের এক বিস্তারিত পরিকল্পনা গ্রহণ করা হয়।

